



নিয়োগ বিজ্ঞপ্তি

'শিরোপা ডেভেলপমেন্ট সোসাইটি' বাড়ি নং-২৭, বায়তুল জান্নাত জামে মসজিদ রোড (পুলিশ লাইনের সামনে), পশ্চিম মজমপুর, কুষ্টিয়া এমআরএ এবং পিকেএসএফ হতে সনদ প্রাপ্ত বেসরকারী উন্নয়ন সংস্থা। সংস্থাটি বাংলাদেশের দক্ষিণ পশ্চিম অঞ্চলের ৩টি জেলায় সুনামের সাথে ২০০৫ সাল হতে দাতা সংস্থা, পিকেএসএফ, বাংলাদেশ ব্যাংক, বাণিজ্যিক ব্যাংক ও নিজেস্ব অর্থায়নে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন করে আসছে। চলতি অর্থবছরে অত্র সংস্থাতে পিকেএসএফ এর অর্থায়নে Recovery and Advancement of Informal Sector Employment (RAISE) প্রকল্পের আওতায় নিম্নোক্ত পদ সমূহে নিয়োগের জন্য আগ্রহী প্রার্থীদের (বাংলাদেশী নাগরিক) নিকট থেকে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে। আগ্রহী প্রার্থীদের পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্তসহ সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঞ্জন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয় পত্র/নাগরিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং যোগাযোগের মোবাইল নম্বরসহ উল্লেখিত ঠিকানায় নির্বাহী পরিচালক বরাবর আগামী ২৪/১১/২০২২ ইং তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে আবেদন পত্র ডাকযোগে, কুরিয়ার ও অফিস চলাকালীন সময়ে স্ব-হস্তে অফিসে জমা দিতে হবে। খামের উপর পদের নাম ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। বাছাইকৃত প্রার্থীদের পরীক্ষার তারিখ ও স্থান মোবাইলে জানানো হবে। নির্বাচিত প্রার্থীদের বাংলাদেশের যে কোন জেলায় কাজ ও অবস্থান করার মানসিকতা থাকতে হবে।

| ক্রঃনং | পদের নাম ও সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা | বেতন |
|--------|---|------------------------------|---|--|--|
| ০১ | প্রকল্প সমন্বয়কারী-১ পূর্ণকালীণ (চুক্তিভিত্তিক) | ৩৫ থেকে ৫০ বছরের মধ্যে | যে কোনো স্বীকৃত প্রতিষ্ঠান/ বিশ্ববিদ্যালয় থেকে ব্যবসায় প্রশাসন/ ব্যবস্থাপনা/ এ্যাকাউন্টিং/ ফাইন্যান্স/ ইকোনমিক্স/ডেভেলপমেন্ট স্টাডিজ/ সোশ্যাল ওয়ার্ক/ সমাজবিজ্ঞান/ উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ/ বিএসসি ইঞ্জিনিয়ারিং (সিএসই/ইইই/ সিভিল/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং) বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী। (শিক্ষা জীবনে ১টি তৃতীয় বিভাগ গ্রহনযোগ্য) | উন্নয়ন সংস্থায় ৫ বছরের প্রাসঙ্গিক অভিজ্ঞতা সহ ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা এবং মাইক্রোসফট অফিস প্রোগ্রাম পরিচালনায় পারদর্শি হতে হবে। (প্রজেক্ট ম্যানেজমেন্ট/উদ্যোক্তা উন্নয়নে প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীগনকে অগ্রাধিকার দেওয়া হবে) | সর্বসাকুল্যে সর্বোচ্চ ৬০,০০০ টাকা |
| ০২ | কেস ম্যানেজমেন্ট অফিসার-১ পূর্ণকালীণ (চুক্তিভিত্তিক) | ৩০ থেকে ৪৫ বছরের মধ্যে | যে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজকর্ম/ সমাজকল্যাণ/ সমাজবিজ্ঞান/মনোবিজ্ঞান/ক্লিনিক্যাল সাইকোলজি/ শিক্ষাগত মনোবিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী। (শিক্ষা জীবনে ১টি তৃতীয় বিভাগ গ্রহনযোগ্য) | উন্নয়ন সংস্থায় কেস ম্যানেজমেন্ট/ সাইকোসোশাল কাউন্সেলিং/ ইনফরমেশন ম্যানেজমেন্ট/ প্রশিক্ষণে কমপক্ষে পাঁচ (০৫) বছরের প্রাসঙ্গিক অভিজ্ঞতা এবং মাইক্রোসফট অফিস প্রোগ্রাম (ওয়ার্ড, এক্সেল, পাওয়ারপয়েন্ট) পরিচালনায় পারদর্শি হতে হবে। (ম্যানেজমেন্ট, কাউন্সিলিং, উদ্যোক্তা উন্নয়ন, ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেমস প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীগনকে অগ্রাধিকার দেওয়া হবে) | সর্বসাকুল্যে সর্বোচ্চ ৪৫০০০ টাকা |
| ০৩ | অফিসার (জীবন দক্ষতা এবং উদ্যোক্তা উন্নয়ন)-১ পূর্ণকালীণ (চুক্তিভিত্তিক) | ৩০ থেকে ৪৫ বছরের মধ্যে | যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতি/ ডেভেলপমেন্ট স্টাডিজ/ সমাজকর্ম/ সমাজকল্যাণ/ সমাজবিজ্ঞান/ ব্যবসায় প্রশাসন/ বিএসসি ইঞ্জিনিয়ারিং (CSE/ EEE/সিভিল /মেকানিক্যাল) বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারী। (শিক্ষা জীবনে ১টি তৃতীয় বিভাগ গ্রহনযোগ্য) | প্রশিক্ষক হিসাবে/ উদ্যোক্তা ও ব্যবসা উন্নয়নে কমপক্ষে ৫ বছরের প্রাসঙ্গিক অভিজ্ঞতা। তরুন ও মাইক্রো এন্টারপ্রাইজের সাথে কাজ করা অভিজ্ঞতা থাকতে হবে। মাইক্রোসফট অফিস প্রোগ্রাম পরিচালনায় পারদর্শি হতে হবে। (জীবন দক্ষতা/সফট স্কিল/উদ্যোক্তা উন্নয়ন/ব্যবসায় ব্যবস্থাপনায় প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীগনকে অগ্রাধিকার দেওয়া হবে) | সর্বসাকুল্যে সর্বোচ্চ ৪৫০০০ টাকা |
| ০৪ | হিসাবরক্ষণ কর্মকর্তা-১ পূর্ণকালীণ (চুক্তিভিত্তিক) | ৩০ থেকে ৫০ বছরের মধ্যে | যেকোনো বিশ্ববিদ্যালয় থেকে অ্যাকাউন্টিং/ ফাইন্যান্স/ ম্যানেজমেন্টে স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রি। (শিক্ষা জীবনে ১টি তৃতীয় বিভাগ গ্রহনযোগ্য) | উন্নয়ন সংস্থায় / যেকোনো স্বনামধন্য প্রতিষ্ঠানে হিসাব ও অর্থ সংক্রান্ত কাজে কমপক্ষে পাঁচ (০৫) বছরের অভিজ্ঞতা ও ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানে AIS & MIS টুলস ব্যবহারের অভিজ্ঞতা থাকতে হবে। (CA, CC বা যে কোন প্রাসঙ্গিক পেশাদার ডিগ্রী/প্রশংসাপত্র ও আর্থিক ব্যবস্থাপনায় প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীগনকে অগ্রাধিকার দেওয়া হবে) | সর্বসাকুল্যে সর্বোচ্চ ৪০৩০০ টাকা |

চাকুরীর মেয়াদ: প্রাথমিকভাবে এক (০১) বছর। প্রকল্পের চাহিদা, তহবিলের পর্যাপ্ততা এবং বার্ষিক কর্মী মূল্যায়ন সাপেক্ষে চাকুরীর মেয়াদ পরবর্তীতে এক বছর করে নবায়ন করা হবে। প্রকল্পের মেয়াদ শেষে মূল্যায়ন সাপেক্ষে মূল কর্মসূচীতে একীভূত করার সুযোগ রয়েছে।

কাজের প্রাসঙ্গিকতা: একটি অলাভজনক বেসরকারি প্রতিষ্ঠান হিসাবে কোভিড-১৯ সংকট মোকাবেলা এবং অনানুষ্ঠানিক খাতের অর্থনীতিকে গতিশীল করার লক্ষ্যে বিশ্ব ব্যাংক এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর যৌথ অর্থায়নে Recovery and Advancement of Informal Sector Employment (RAISE) শীর্ষক প্রকল্পটি মাঠ পর্যায়ে বাস্তবায়ন করবে।

কোন কারণ উল্লেখ ছাড়াই নিয়োগ বাতিলসহ সকল অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করবেন। www.shiropa.ngo এবং <https://www.facebook.com/ShiropaDevelopment> তে ভিজিট করুন।

মোঃ শহিদুল ইসলাম
নির্বাহী পরিচালক
শিরোপা ডেভেলপমেন্ট সোসাইটি, কুষ্টিয়া।
তারিখ : ০৩/১১/২০২২ ইং